

ভাসা ফাউন্ডেশনের চিকিৎসাসেবা প্রদান

ভোলান্টারি একটিভিটিস্ ফর সোস্যাল অ্যান্ড হিউম্যান এডভান্সমেন্ট ফাউন্ডেশনের (ভাসা ফাউন্ডেশন) উদ্যোগে নগরীর বন্দর থানাধীন মুনসীপাড়ার মনিরনগর এলাকায় দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে চিকিৎসাসেবা পরিচালনা করা হয়েছে।

এলাকার জরিণা মফজ্জল সিটি কর্পোরেশন কলেজে এই চিকিৎসা ক্যাম্পইন চালানো হয় ২৭ জুলাই সরকারি ২৫০ শয্যা বিশিষ্ট নোয়াখালী সদর হাসপাতালের সহকারী রেজিস্টার ও বিশেষজ্ঞ চিকিৎসক ডা. অনুপম মজুমদারের নেতৃত্বে এই চিকিৎসা কার্যক্রম পরিচালিত হয়। এই কার্যক্রমে শতাধিক গরীব ও সুবিধাবঞ্চিত নারী-পুরুষ ও শিশুকে বিনামূল্যে চিকিৎসাসেবা দেয়া হয়।

শুরুতে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী পরিমল কান্তি পাল বলেন, অর্থনৈতিক কাজে নিযুক্ত থাকতে হলে প্রত্যেক মানুষকে সুস্থ থাকা জরুরি। আর সুস্থ থাকতে হলে চিকিৎসা সেবা নিতে হবে। গরীব ও সুবিধাবঞ্চিত মানুষের জন্য বিনামূল্যে চিকিৎসাসেবা ভাসা ফাউন্ডেশনের অন্যতম চলমান কর্মকাণ্ড। অন্যান্য কর্মকাণ্ডের পাশাপাশি প্রতিষ্ঠানটি দারিদ্রপীড়িত বিভিন্ন এলাকায় গরীব ও দুঃস্থ রোগীদের জন্য বিনামূল্যে চিকিৎসা ক্যাম্প পরিচালিত করে। স্বেচ্ছাসেবামূলক এই কার্যক্রমে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের কর্মকর্তা সুদীপ্তা মজুমদার, অবিলাশ চন্দ্র পাল, মোহাম্মদ মানিক, জান্নাতুল ফেরদৌস, দিলুয়ারা বেগম প্রমুখ। প্রসঙ্গত, ভাসা ফাউন্ডেশন এমআরএ (মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথোরিটি) তালিকাভুক্ত একটি এনজিও সংস্থা। বিজ্ঞপ্তি